

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website : www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের “অভিযোগ প্রতিকার সংক্রান্ত” অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মাসুদ হোসেন  
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)  
সভার তারিখ : ২৯ মার্চ, ২০২২।  
সভার সময় : ৪.০০ ঘটিকা।  
স্থান : পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এর অফিস কক্ষ।


সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System), মূলত বিভিন্ন সরকারি দপ্তরকর্তৃক প্রদানকৃত সেবা নিশ্চিতকরণের একটি প্ল্যাটফর্ম। জিআরএস ব্যবস্থার আওতায় বাংলাদেশের একজন নাগরিক যে কোন সেবার বিরুদ্ধে তার অসন্তোষ বা ক্ষোভ জানিয়ে অভিযোগ দাখিল করতে পারেন। অভিযোগকারী নাগরিককে তার অভিযোগের বিষয়ে যেকোন ধরনের অগ্রগতি বা সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা এবং কোন বিষয়ে তার মূল্যবান মতামত বা পরামর্শ মূল্যায়ন করাও এই ব্যবস্থার অন্যতম। সরকারি কর্মকর্তা/ কর্মচারীরাও একইভাবে যে কোন সেবার বিপরীতে তাদের অভিযোগ এখানে জানাতে পারবেন। সভাপতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের “অভিযোগ প্রতিকার সংক্রান্ত” অগ্রগতি বিষয়ে সভায় অংশগ্রহণকারী সকলকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সভায় উপস্থিত সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সকলের মতামতের ভিত্তিতে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সভার সিদ্ধান্তসমূহঃ


- (১) প্রতিমাসের সর্বশেষ কর্মদিবসে অভিযোগ বন্ধ খুলে বন্ধে প্রাপ্ত অভিযোগসমূহ সহকারী পরিচালক (প্রশাসন) সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করবেন।
- (২) অভিযোগসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট অধিশাখার সহকারী পরিচালক সেগুলো যোগাযোগের মাধ্যমে মনিটরিং করবেন এবং সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
- (৩) পূর্ববর্তী মাসের অনিষ্পন্ন ৩৯টি অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (৪) প্রত্যেক অধিশাখা মাসের প্রথম কর্মদিবসে দুপুর ২ টার মধ্যে প্রাপ্ত অভিযোগসমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এর নিকট দাখিল করবেন।
- (৫) সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) অন্যান্য অধিশাখাসমূহ থেকে প্রাপ্ত অভিযোগসমূহ একত্রিত করে মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম্যাটে প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
৩১.৩.২২  
(মোঃ মাসুদ হোসেন  
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/ অপারেশনস/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রশাসন/ অপারেশনস/ চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন/ অপারেশনস/ চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি/ মাস্টার ফাইল।

  
31.03.22

(মোঃ জাকির হোসেন)

সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)